DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Jul 2026, 01:41 PM

মিডিয়া

# শরীয়তপুর সাংবাদিক সমিতির সভাপতি পলাশ, সম্পাদক মামুন

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ১৯ জানুয়ারি ২০২৫, ০৭:৩৯ AM




শুক্রবার (১০ জানুয়ারি) রাজধানীর পল্টনস্থ ইকোনমিক রিপোর্টার্স ফোরাম-ইআরএফের কার্যালয়ে সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে নতুন নেতৃত্বে নির্বাচিত হয়।হাবিবুর রহমান পলাশ তার নিকটতম প্রতিদ্বন্দ্বী চ্যানেল আইয়ের রাজু আলিমকে হারিয়ে সভাপতি ও ওবায়দুল্লাহ মামুন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মহিউদ্দিন তুষারকে হারিয়ে সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

শরীয়তপুর সাংবাদিক সমিতির অন্য সদস্যরা হলেন, সহ-সভাপতি মনির হোসেন (নয়া দিগন্ত), শাহাদাত হোসেন শাহীন (গণমুক্তি), ফেরদৌস রহমান রূপক (গণমুক্তি), বোরহান উদ্দিন (অর্থকণ্ঠ), মো. খলিলুর রহমান (জনকণ্ঠ) ও যুগ্ম সাধারণ সম্পাদক মো. মাহবুব হোসেন (ডেইলি সান), মোয়াজ্জেম হোসেন বিপুল (এশিয়ান টিভি)।

সাংগঠনিক সম্পাদক মনির হোসেন তপু (এটিএন বাংলা), সহ-সাংগঠনিক মো. ফয়সাল আহমেদ (ডিবিসি) ও আদনান হাদী (ট্রেন্ডিং নিউজ), দপ্তর সম্পাদক মাহমুদুল হাসান (কালবেলা), তথ্য প্রযুক্তি সম্পাদক যুবায়ের আহমাদ (নিউজ টোয়েন্টিফোর), সমাজ কল্যাণ সম্পাদক বিষয়ক মো. আলী মুবিন (চ্যানেল এস), প্রচার ও প্রকাশনা সম্পাদক জাফর আহমেদ (কালবেলা), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মো. রাজিবুল ইসলাম

(ঢাকা জার্নাল), আইন বিষয়ক সম্পাদক এমরুল হাসান বাপ্পী (দ্য ডেইলি স্টার) এবং নারী বিষয়ক সম্পাদক প্রীতিকা ইসলাম (নিউজ টোয়েন্টিফোর)।

এ ছাড়া কার্যনির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়েছেন মো: জুবায়ের আলম খান রাকেশ (মানবকণ্ঠ), মো. শফিকুজ্জামান রুবেল (সময় টিভি), মদিনা বেগম (এস এ টিভি), মো. আতাউর রহমান মোল্লা (এটিএন নিউজ), মো. আবু তালেব হাসান (মোহনা টিভি), মো. বাবুল হোসেন (সময় টিভি)।


এর আগে সাংবাদিক সমিতির নির্বাচন কমিশনানের চেয়ারম্যান রফিকুল ইসলাম আজাদ এবং নির্বাচন কমিশনার কাঞ্চন কুমার দে ও মোজাম্মেল হক চঞ্চল নিবার্চন পরিচালনা করেন। বেলা ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

---


## এ বিভাগের আরও খবর




ডিজিটাল ব্যাংকিং সেবায় গ্রাহকদের আগ্রহ বাড়ছে
ঘরে বসেই লেনদেনের সুবিধা প্রান্তিক পর্যায়ে পৌঁছে দিচ্ছে ব্যাংকগুলো।





ঢাকায় মেট্রোরেলের যাত্রী সেবায় নতুন মাত্রা, বাড়ছে ট্রেনের সংখ্যা
অফিস সময়ে ভিড় সামলাতে নতুন কোচ সংযোজনের পরিকল্পনা কর্তৃপক্ষের।




**পোশাক রপ্তানিতে নতুন বাজার খুঁজছে বাংলাদেশ**

ইউরোপ-আমেরিকার বাইরে লাতিন আমেরিকা ও আফ্রিকায় সম্ভাবনা বাড়ছে।




**কান চলচ্চিত্র উৎসবে প্রশংসিত বাংলাদেশের সিনেমা**

আন্তর্জাতিক অঙ্গনে বাংলা চলচ্চিত্রের নতুন জয়যাত্রা শুরু হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/media/%E0%A6%B6%E0%A6%B0%E0%A7%80%E0%A7%9F%E0%A6%A4%E0%A6%AA%E0%A7%81%E0%A6%B0-%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%82%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%B0-%E0%A6%B8%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%AA%E0%A6%A4%E0%A6%BF-%E0%A6%AA%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%B6,-%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%95-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%AE%E0%A7%81%E0%A6%A8